



# বাংলাদেশ ফিল্ম ইনসিটিউট Bangladesh Film Institute (BFI)

Flat-3B, House-39/A, Road-4/A, Dhanmondi R/A, Dhaka-1209  
Mobile : 01712 086102, 01768 210567. E-mail : tito.oasi@gmail.com, tmokammel@gmail.com

## প্রেস বিজ্ঞপ্তি

“মুক্তিযুদ্ধ ৭১”([www.muktijuddho71.org](http://www.muktijuddho71.org)) ও বাংলাদেশ ফিল্ম ইনসিটিউট-য়ের যৌথ উদ্যোগে মুক্তিযুদ্ধের উপর ছয়টি প্রামাণ্যচিত্র নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। মুক্তিযুদ্ধের যে বিষয়গুলো নিয়ে প্রামাণ্যচিত্রগুলো নির্মিত হবে সেগুলো হচ্ছে;

১. মুজিবনগর সরকার: প্রথম বাংলাদেশ সরকারের গঠন ও কার্যক্রম
২. চট্টগ্রামের প্রাথমিক প্রতিরোধ যুদ্ধ (মার্চ-এপ্রিল)
৩. বিলোনিয়ার যুদ্ধ
৪. নৌ-কমান্ডোদের অভিযান
৫. বাংলাদেশ বিমান বাহিনী গঠন ও অপারেশনসমূহ
৬. জনযুদ্ধ একান্তর

প্রতিটি প্রামাণ্যচিত্রের দৈর্ঘ্য হবে এক ঘন্টা। প্রামাণ্যচিত্রগুলো নির্মাণ করবেন বাংলাদেশ ফিল্ম ইনসিটিউটের প্রাক্তন শিক্ষার্থীরা। বাংলাদেশ ফিল্ম ইনসিটিউটের পরিচালক ও বিশিষ্ট চলচ্চিত্রনির্মাতা তানভীর মোকাম্মেল প্রামাণ্যচিত্রগুলো নির্মাণের তত্ত্বাবধান করবেন। প্রতিটা ছবির বাজেট তিন লক্ষ টাকা। এছাড়া প্রামাণ্যচিত্রগুলো ইংরেজীতে সাবটাইটেল করা হবে এবং প্রতিটা ছবি সাবটাইটেলের জন্যে আলাদা ব্যয় ধরা হয়েছে চালিশ হাজার টাকা। তানভীর মোকাম্মেল মুক্তিযুদ্ধের উপর ওর নির্মিত মেগা-প্রামাণ্যচিত্র “১৯৭১”-য়ের জন্যে যে দুইশ ঘন্টা ফুটেজ শুট করেছিলেন তা এসব নির্মাতাদেরকে ব্যবহারের সুযোগ দেওয়া হবে। এপ্রিল মাসেই প্রামাণ্যচিত্রগুলোর নির্মাতাদের নির্বাচন চূড়ান্তকরণ ও ছবিগুলোর গবেষণার কাজ শুরু করা হবে।

ঢাকা

০৬.০৪.২০২১

বার্তাপ্রেরক  
আবির আহমেদ

সহকারী  
বাংলাদেশ ফিল্ম ইনসিটিউট